

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৬১৩.২০১৬- ২০৪২

তারিখ ৩১ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ
২৪ জুন ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ নাটোর পৌরসভার চাকুরিচ্যুত কম্যুনিটি কর্মী জনাব মোঃ মাহাতাব আলী কর্তৃক হাইকোর্ট বিভাগে দায়েরকৃত-৬৯০৩/২০১৬ নং রীট পিটিশনে গত ২২/০৮/২০১৭ তারিখে প্রদত্ত আদেশের আলোকে বকেয়া বেতন-ভাতাদিসহ নিয়মিত বেতন-ভাতাদি প্রদানের আবেদন সংক্রান্ত।

সূত্রঃ উপসচিব (পৌর-১), স্থানীয় সরকার বিভাগ এর ইউ. ও. নোট নং- ৪৬.০০.০০০০.০৬৩.৩১.০০৬.১৩-৬৪৫ তাং- ২১.৫. ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, উন্নয়ন প্রকল্পে চুক্তি ভিত্তিক/মাস্টার রোলে নিয়োগপ্রাপ্ত কর্মচারী জনাব মোঃ মাহাতাব আলীকে বিধি বহির্ভূতভাবে সাংগঠনিক কাঠামোভুক্ত কম্যুনিটি কর্মী পদে আত্মীকরণ সংক্রান্ত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় আত্মীকরণ আদেশ বাতিল করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার জন্য মেয়র, নাটোর পৌরসভাকে অনুরোধ করা হয়। এর প্রেক্ষিতে জনাব মোঃ মাহাতাব আলীকে কম্যুনিটি কর্মী পদে আত্মীকরণ সংক্রান্ত ৫.৮.২০০৩ তারিখের ১৩৮৭ নং আদেশ কর্তৃক বাতিল করা হয়।

২। নাটোর পৌরসভার জনাব মোঃ মাহাতাব আলীকে কম্যুনিটি কর্মী পদে আত্মীকরণ সংক্রান্ত আদেশ বাতিল করায় উক্ত আদেশের বিরুদ্ধে জনাব মাহাতাব আলী হাইকোর্ট ডিভিশনে ৬৯০৩/২০১৬ নং রীট পিটিশন দায়ের করেন। বিজ্ঞ আদালত শুনানী অন্তে বিগত ২১.৩.২০১৭ তারিখ তাঁর চাকুরি আত্মীকরণের বাতিল সংক্রান্ত আদেশের কার্যকারিতা ০৪ (চার) মাসের স্থগিতাদেশ প্রদান করেন।


৩। জনাব মোঃ মাহাতাব আলী কর্তৃক দায়েরকৃত রীট পিটিশন নং- ৬৯০৩/২০১৬ এ বিজ্ঞ আদালত গত ২২.৮.২০১৭ তারিখে নিম্নোক্ত আদেশ প্রদান করেনঃ

“ Since the petitioner is working for the respondent No.6 pursuant to an interim order of this Court the, respondent No.6 is directed to pay all his salaries and benefits for the said period from the date of issuance of the Rule on 13.06.2016 regularly.” যাতে বিজ্ঞ আদালত মেয়র, নাটোর পৌরসভাকে আবেদনকারীর নিয়মিত বেতন ভাতাদি পরিশোধের আদেশ প্রদান করেছেন।

৪। বিজ্ঞ আদালতের উপরিউক্ত আদেশ প্রতিপালনের জন্য মেয়র, নাটোর পৌরসভাকে অনুরোধ করা হলে নাটোর পৌরসভার মেয়র জানান উক্ত আদেশের বিরুদ্ধে নাটোর পৌরসভা কর্তৃক বাংলাদেশ সুপ্রীমকোর্টের আপীল বিভাগে আপীল দায়ের করা হয়েছে যার নম্বর ১১৬৩/২০১৮ এবং এ বিষয়ে এডভোকেট অন রেকর্ড সংযুক্ত করা হয়েছে।

৫। এমতাবস্থায়, চাকুরিচ্যুতি আদেশের বিরুদ্ধে জনাব মোঃ মাহাতাব আলী কর্তৃক হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং- ৬৯০৩/২০১৬ এ বিজ্ঞ আদালতের গত ২২.৮.২০১৭ তারিখের আদেশ এবং উক্ত আদেশের বিরুদ্ধে নাটোর পৌরসভা কর্তৃক দায়েরকৃত ১১৬৩/২০১৮ নং আপীল মামলার বিষয়ে স্থানীয় সরকার বিভাগের করণীয় সম্পর্কে মতামত প্রদানের জন্য বা প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তঃ বর্ণনামতে ৯ (নয়) ফর্দ।


২৪.৬.১৮
(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব

☎ ৯৫৪০৯৯৫

E mail: dslaw1.lgd.gov@gmail.com

শেখ শফিক মাহমুদ পুষ্প
বিজ্ঞ প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

- ১। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
- ২। উপসচিব (পৌর-১), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অফিস কপি।